

বরাবর

সচিব

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ সিনিয়র সহকারী প্রধান পদে যোগদান।

সূত্রঃ (১) পরিকল্পনা বিভাগের পত্র নম্বর-২০.০০.০০০০.৩০২.১৯.০০৫.১৬.২৪২, তারিখঃ ১৯ জুন ২০১৮
(২) পরিকল্পনা বিভাগের পত্র নম্বর-২০.০০.০০০০.৩০২.১৯.০০১.১৮.২৬৩, তারিখঃ ০৪ জুলাই ২০১৮

মহোদয়,

যথাবিহিত সম্মান প্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, পরিকল্পনা বিভাগের সূত্রোস্থ ১ নং পত্রের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীকে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে সিনিয়র সহকারী প্রধান হিসেবে বদলি/পদায়ন করা হয়। ২৫/০৬/২০১৮ তারিখ অপরাহ্নে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে আমাকে অবমুক্ত করা হয়। আমি ২৬/০৬/২০১৮ তারিখ পূর্বাহ্নে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে যোগদানপত্র দাখিল করি। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক আমার যোগদানপত্র গৃহীত হওয়ার পূর্বেই পরিকল্পনা বিভাগের সূত্রোস্থ ২ নং পত্রের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে আমার বদলির আদেশ বাতিলপূর্বক বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে সিনিয়র সহকারী প্রধান হিসেবে বদলি/পদায়ন করা হয়েছে। প্রেক্ষিতে আমি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে অদ্য ০৫/০৭/২০১৮ তারিখ পূর্বাহ্নে যোগদান করলাম।

এমতাবস্থায়, অনুগ্রহপূর্বক আমার যোগদানপত্র গ্রহণ করে বাধিত করবেন।

স্বাক্ষরিত/-

০৫/০৭/২০১৮

(শেখ শামছুর রহমান)

পরিচিতি নং-০৪৫৪

সিনিয়র সহকারী প্রধান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রশাসন-১(সংস্থাপন) অধিশাখা

তারিখঃ-১২/০৭/২০১৮।

নং-২৪.০০.০০০০.১১১.১৮.২০০.১৮-৬১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০২। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। যুগ্মসচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। উপ-সচিব (সকল)/উপ-প্রধান, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। সিনিয়র সহকারী প্রধান, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। শেখ শামছুর রহমান, সিনিয়র সহকারী প্রধান, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৪। হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নির্দেশিত
০২/৭/১৮

নিলুফার নাজনীন

উপসচিব

ফোন- ৯৫৪০৪৭৭

admin1@motj.gov.bd